



বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড  
(পেট্রোবাংলার একটি কোম্পানি)  
পরিকল্পনা ডিপার্টমেন্ট



নৈতিকতা কমিটির ২০২২-২৩ অর্থবছরের ২য় কোয়ার্টারে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	শঙ্কর মজুমদার ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২৫ অক্টোবর ২০২২
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	কোম্পানির বোর্ড রুম
উপস্থিতি	সংযুক্ত

বিজিডিসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক-এর সভাপতিত্বে কমিটির সদস্যগণের উপস্থিতিতে গত ২৫-১০-২০২২ তারিখে নৈতিকতা কমিটির সভা (দ্বিতীয় কোয়ার্টার) অনুষ্ঠিত হয়। সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির ফোকাল পয়েন্ট ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের ( অক্টোবর'২২-ডিসেম্বর'২২) লক্ষ্যমাত্রার বিস্তারিত তুলে ধরেন।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়ে প্রশাসন ডিপার্টমেন্ট ব্যবস্থা গ্রহণ করবে;
- সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বিপণন ডিভিশন অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন করবে;
- সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী ৩১-১২-২০২২ তারিখের মধ্যে নথি বিনষ্টকরণের নিমিত্ত প্রশাসন ডিপার্টমেন্ট কমিটি গঠন করবে;
- ইঞ্জিনিয়ারিং সার্ভিস ডিভিশন কর্তৃক ৩১-১২-২০২২ এর মধ্যে কমপক্ষে ৪টি ইভিসিযুক্ত টারবাইন মিটার স্থাপন/প্রতিস্থাপন করতে হবে; এবং
- দীর্ঘদিন ধরে অব্যবহৃত বিজিডিসিএল অডিটরিয়ামের পাশের ওয়াশরুম ব্যবহার উপযোগী করার জন্য কমন সার্ভিস এন্ড প্রটোকল ডিপার্টমেন্ট ব্যবস্থা গ্রহণ করবে।

নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্টের সহিত সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে লক্ষ্যমাত্রা বাস্তবায়নের বিষয়টি নিশ্চিত করবে। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে এবং লক্ষ্যমাত্রা বাস্তবায়নে আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শঙ্কর মজুমদার  
ব্যবস্থাপনা পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) এমডি এবং সকল ডিভিশনের মহা-ব্যবস্থাপকগণ
- ২) ডিপার্টমেন্টাল প্রধান, সকল



প্রকৌঃ মোস্তফা মাহিন সোহাগ  
উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা)